দর্শনা থানার ওসির সাথে জাহাঙ্গীরের শুভেচ্ছা বিনিময়

দামুড়হুদা উপজেলার দর্শনা থানা পুলিশের অফিসার ইনচার্জ(ওসি)বিপ্লব কুমার সাহা’র সাথে বিশিষ্ট্য সমাজ সেবক মোঃ জাহাঙ্গীর আলম শুভেচ্ছা মতবিনিময় করেছেন।

গতকাল শনিবার রাত ৭ টার দিকে সমাজ সেবক মোঃ জাহাঙ্গীর আলম দর্শনা থানা পুলিশের অফিসার ইনচার্জ(ওসি) বিপ্লব কুমার সাহা’র ফুলের শুভেচ্ছা জানিয়ে মতবিনিময় করেন।

এসময় উপস্থিত ছিলেন, ওসি(তদন্ত) ওসি অপারেশন মতবিনিময় কালে বিশিষ্ট্য সমাজ সেবক মোঃ জাহাঙ্গীর আলম চুয়াডাঙ্গা -২ আসনের সর্বসাধারনের উন্নয়নে কাজ করার লক্ষ্যে আগামী দ্বাদশ নির্বাচনে আশা ব্যক্ত করে
অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ফয়সাল আহমেদ,আহাদ আলী,টিপু সুলতান,পিন্টু মিয়া।

আলমডাঙ্গায় যুগ্ম জেলা ও দায়রা জজ শাহীনের মৃত্যু

ক্যান্সারে আক্রান্ত হয়ে যুগ্ম জেলা জজ আহসান হাবীব মারা গেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। গতকাল শনিবার সকালে রাজধানীর একটি হাসপাতালে তাঁর মৃত্যু হয়। তিনি স্ত্রী ও দুই ছেলে রেখে গেছেন।

আহসান হাবীবের (৪০) মৃত্যুতে গভীর শোক জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক, আইন ও বিচার বিভাগের সচিব গোলাম সারওয়ার, বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস অ্যাসোসিয়েশনের সভাপতি ঢাকা জেলার সিনিয়র জেলা ও দায়রা জজ এইচ এম হাবিবুর রহমান জিন্নাহ এবং সুপ্রিম কোর্ট প্রশাসনসহ বিচার বিভাগীয় কর্মকর্তারা।

গতকাল শনিবার বাদ আসর লালমাটিয়ার স্থানীয় মসজিদে জানাজা শেষে তাঁর মরদেহ চুয়াডাঙ্গার আলমডাঙ্গার বাড়িতে নেওয়া হয়। আজ রোববার সকালে স্থানীয় মসজিদে জানাজা শেষে তাঁর লাশ পারিবারিক কবরস্থানে দাফন করা হবে।

দামুড়হুদায় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ৫ম খেলায় দর্শনা রামাজুস জয়ী

দামুড়হুদায় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে দর্শনা মাথাভাঙ্গা যুবসংঘ রামাজুস বনাম যশোর চৌগাছা একাডেমির মধ্যেকার ৫ম খেলায় দর্শনা মাথাভাঙ্গা যুবসংঘ রামাজুস ২-০ গালে জয়লাভ করেছে।

গতকাল শনিবার বিকাল ৪টায় দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে দামুড়হুদা গোল্ডকাপ টুর্নামেন্টের ৫ম খেলা অনুষ্ঠিত হয়।

খেলার প্রথমার্ধের ১২মিনিটের মাথায় রামাজুসের ৯নং জার্সি পরিহিত খেলোয়ার হোসেন আলির করা গোলে ১-০তে এগিয়ে যায় রামাজুস।এরপর চৌগাছা গোল পরিশোধ করে খেলায় ফিরতে মরিয় হয়ে চেষ্টা করে। কিন্তু প্রথমার্ধের ২৪ মিনিটের মাথায় রামাজুসের একই খেলোয়ার হোসেন আলি আরো চৌগাছার গোল রক্ষককে পরাজিত গোলের জালে আরো একটি বল জড়িয়ে গোলের ব্যবধান বাড়ায়-২-০। প্রথমার্ধের খেলা ২-০তে শেষ হয়। দ্বিতীয়ার্ধের খেলায় রামাজুসের ৯নং খেলোয়ার হোসেন আলি তার হেট্রিক পূর্ণ করার চেষ্টা করে ব্যাথ্য হয় এসময় কোন গোল না হওয়ায় রামাজুস-২-০গোলে জয়লাভ করে।

দামুড়হুদা উপজেলা শ্রমিক লীগের সভাপতি হাজি আব্দুল কাদির,সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাক সাবেক জেলা পরিশদের সদস্য শফিউল কবির ইউসুফ,দামুড়হুদা গাল্স স্কুল এন্ড কলেজের সাবেক সভাপতি ইসমাইল হোসেন,আব্দুল মমিন মাষ্টারসহ মাঠ ভর্তি দর্শক খেলা উপভোগ করেন। খেলার সার্বিক তত্বাবধানে ছিলেন,উপজেলা ক্রীড়া সংস্থার সাধারন সম্পাদক এম নুরুন্নবী, শরিফ উদ্দীন,ক্রীড়া

সংস্থার নির্বহী সদস্য নওশাদ আলি,জাকির হোসেন,সহিদ আজম সদু,সন্টু প্রমুখ।

খেলা পরিচালনা করেন,আব্দুস সবুর, রবিউল ইসলাম,ও সৈয়দ মাসুদুর রহমান। ধারাভাষ্যে ছিলেন মোস্তাফিজুর রহমান। আজ রোববার মেহেরপুর একাদশ বনাম মহেশপুর ফুটবল একাদশের মধ্যে খেলা অনুষ্ঠিত হবে।

কার্পাসডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান; ব্যবসায়ীদের জরিমানা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে ভোক্তা সংরক্ষণ অধিকার অধিদপ্তর আইনে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে এসময় ২০০৯ এর ৩৮ ধারায় তুষার ডিম হাউজের মালিক হাজী নজরুল ইসলামকে ১০০০ টাকা,কার্পাসডাঙ্গা কাঁচাবাজারে তাইফুর রহমান কে ৫০০ টাকা ও বগা মন্ডলকে ৫০০ টাকা বকুল হোসেন’কে ৫০০ টাকা সহ মোট ২৫০০ টাকা জরিমানা আদায় করেন ভ্রাম্যমাণ আদালত ।

এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার বিশ্বাস, নাজির সাখাওয়াৎ হোসেন, রফিকুল ইসলাম সহ কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল ও সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি।

এসময় উপজেলা নির্বাহী অফিসার বলেন প্রতিটা ব্যবসায়ীকে মূল্যতালিকা টাঙিয়ে রেখে ব্যবসা করতে হবে এবং সরকারি নির্ধারিত মূল্যের বেশি দামে পন্য বিক্রি করলে আইনের আওতায় আনা হবে আলুর নির্ধারিত দাম ৩৬ টাকায় খুচরা বাজারে বিক্রি করতে হবে পেয়াজ ৬৫ টাকার উপরে বিক্রি করা যাবে না তিনি বলেন।

আরো ভ্রাম্যমাণ আদালতে সহযোগিতা করেন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের একটি টিম সহ আনসার বাহিনী।

আলমডাঙ্গার বামানগরে নারীর ঝুলন্ত লাশ উদ্ধার, ময়নাতদন্ত আজ

আলমডাঙ্গা উপজেলায় ঘরের আড়ার সঙ্গে গলায় ফাঁস দিয়ে ঝুলন্ত অবস্থায় এক মানসিক নারীর লাশ উদ্ধার করেছে পুলিশ।

গতকাল শনিবার দুপুর ২ টার দিকে উপজেলার হারদি ইউনিয়নের বামানগর এলাকা থেকে লাশটি উদ্ধার করা হয়। নিহত নারীর নাম রেবেকা খাতুন (৩৩)। তার বাবার বাড়ি উপজেলার কুমারী ইউনিয়নের হাড়গাড়ি এলাকায়। লাশ উদ্ধার করে পুলিশ হেফাজতে নেওয়া নিয়েছে। আজ রবিবার মরদেহ উদ্ধার ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হবে।

পুলিশ জানায়, গতকাল শনিবার দুপুরে রেবেকা খাতুনের ঘরের দরজা বন্ধ পায় বাড়ির লোকজন। অনেক ডাকাডাকির পরও কোনো সাড়াশব্দ না পেয়ে দরজা ভেঙে ঘরের প্রবেশ করে তাকে ঘরের আড়ার সঙ্গে গলায় ওড়না পেঁচানো অবস্থায় ঝুলতে দেখা যায়। এরপর তারা লাশটি নিচে নামিয়ে থানায় খবর দেয়। বিষয়টি নিয়ে সন্দেহ হলে পুলিশ গিয়ে লাশটি থানায় নিয়ে আসে।

স্থানীয়রা জানান, রেবেকার স্বামী সে একজন রাজমিস্ত্রি কাজ করেন। দীর্ঘদিন রেবেকা খাতুন মানসিক রোগে ভুগছিল। শনিবার দুপুরে পরিবারের লোকজনের অনুপস্থিতিতে সে গলায় ফাস লাগিয়ে আত্নহত্যার করেন।

এ বিষয়ে আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, শনিবার সন্ধ্যায় লাশটি ময়নাতদন্তের জন্য পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। আজ রবিবার সকালে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো

হবে।

জীবননগরে ২ প্রতিষ্ঠানকে ৬৫ হাজার টাকা জরিমানা

জীবননগরে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযোগ দুই জ্বালানী গ্যাস বিক্রেতাকে জরিমানা করেছে। আজ শনিবার জীবননগর বাজারের মেসার্স মিনহাজ মেশিনারী কে ১৫ হাজার টাকা এবং জীবননগর গ্যাস হাউজ কে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

জানা গেছে , চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহাম্মেদ জীবননগর বাজার পরিদর্শনে আসেন। পরিদর্শনকালে জীবননগর বাজারের উপজেলা পরিষদ রোডের পাশের্ ^ অবস্থিত মেসার্স মিনহাজ ট্রেডার্স ও জীবননগর -চুয়াডাঙ্গা সড়কের পাশের্ ^ অবস্থিত মেসার্স জীবননগর গ্যাস হাউজে গ্যাস বিক্রির কোন রশিদ ও তালিকা মূল্য প্রদর্শন না করার অপরাধে মেসার্স মিনাহজ ট্রোর্ডের মালিক মতিয়ার রহমানকে ১৫ হাজার টাকা ও জীবননগর গ্যাস হাউজের মালিক ইকবাল উদ্দীন একরামকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। সেই সাথে বিক্রয়ের রশিদ প্রদান করা ও মূল্য তালিকা প্রদর্শনের জন্য নির্দেশ প্রদান করা হয়।

এছাড়াও জীবননগর কাচা বাজারে পরিদর্শন কালে আলু , পেয়াজ, ডিমসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্য তদারকি কালে ক্রয় -বিক্রয় ভাউচার সংরক্ষণ ও সরকার নির্ধারিত মুল্যে মালামাল বিক্রয়ের জন্য বলা হয় ও সতর্কীকরণ মুলক লিফলেট বিতরণ করা হয়।

ভোক্তার অধিকার সংরক্ষণ অধিদপ্তরকে সহযোগীতা করেন জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্যানিটারী ইন্সপেক্টর আনিসুর রহমান ও চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম।

এছাড়াও উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ ও সহকারী ভূমি কমিশনার তিথি মিত্র জীবননগর বাজার পরিদর্শনে যান এবং কাচা বাজারসহ নিত্য পন্যের বিভিন্ন দোকানে সরকার নির্ধারিত মূল্যে

পণ্য বিক্রিসহ মুল্য তালিকা প্রদর্শনের জন্য নির্দেশ প্রদান করেন।

আলমডাঙ্গায় নেতাকর্মীদের সাথে এমপি ছেলুন জোয়ার্দ্দারের মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় দলীয় নেতাকর্মিদের সাথে মতবিনিময় করেছেন। আজ শনিবার সকাল সাড়ে ১১টার দিকে তিনি আলমডাঙ্গার বধ্যভূমিতে এসে মুক্তিযোদ্ধা পার্ক নির্মাণ কাজের খোঁজ খবর নেন। পরে নেতাকর্মিদের সাথে মতবিনিময় করেন।

মত বিনিময়কালে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, দলের নেতাকর্মিদের ঐক্যবদ্ধ থাকতে হবে। বালাদেশ আজ বিশ্বের কাছে একটি উন্নয়নশীল দেশ হিসেবে মাথা উচু করে এগিয়ে যাচ্ছে। দেশকে অকার্যকর একটি রাস্ট্রে পরিনত করতে বিএনপি-জামায়াত নানা ষড়যন্ত্র করছে। বিদেশীদের মাধ্যমে ক্ষমতায় বসার স্বপ্ন দেখছে।

তাদের সেই স্বপ্ন কোন দিনই পূরণ হবে না। সংবিধান অনুযায়ী আগামী সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। অবাধ ও সুষ্ঠ নির্বাচন হবে। ক্ষমতায় আসতে হলে ভোটের মাধ্যমেই আসতে হবে। কেউ ক্ষমতায় বসিয়ে দেবে না।

তিনি বলেন, আপনারা সবাই ঐক্যবদ্ধ থাকেন। কোন অপশক্তি ঐক্যবদ্ধ আওয়ামীলীগকে পরাজিত করতে পারবে না।

মতবিনিময়কালে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা,সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্হামান লিটু বিশ্বাস,সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন,সাধারণ সম্পাদক মতিয়ার রহমান

ফারুক,উপজেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম,হারদী ইউপি চেয়ারম্যান আশিকুজ্জামান ওল্টু, পৌর আওয়ামীলীগ যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু,কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন,যুবলীগ নেতা আহসান উল্লাহ, সাবেক জেলা পরিষদ সদস্য মিজানুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট সালমুন আহমেদ ডন, সাবেক ছাত্রলীগ নেতা সাদেকুর রহমান পলাশ, আশরাফুল হক, শাহিন মিজান, আশরাফুল, সৈকত খান প্রমুখ।

আলমডাঙ্গার মাধবপুর কলা চুরি করতে এসে ধরা; পুলিশে সোর্পদ

আলমডাঙ্গা উপজেলার মাধবপুর গ্রামে ভোর রাতে কলার কাঁদি চুরি করতে এসে টিটু মন্ডল নামের এক ব্যক্তি এলাকাবাসীর কাছে ধরা পড়ে গণপিটুনির শিকার হয়েছে।

আজ শনিবার দিবাগত ভোর ৫ টার দিকে উপজেলার ডাউকি ইউনিয়নের মাধবপুর গ্রামে এ ঘটনা ঘটে। গণপিটুনির শিকার ওই ব্যাক্তি ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানার তৈলটুপি গ্রামের বসরত মন্ডলের ছেলে টিটু মন্ডল (৩৭)। পরে আলমডাঙ্গা থানাপুলিশের নিকট তুলে দেয় এলাকাবাসী।

স্থানীয়রা জানান, শনিবার দিবাগত ভোরে কয়েকজন কৃষক মাঠে কাজ করতে যাচ্ছিল। এসময় অজ্ঞাত ব্যক্তিকে বিভিন্ন জমির কলার কাঁদি কাটতে দেখতে পায়। তার পরিচয় জানতে চাইলে, প্রথমে সে পাশ্ববর্তী গ্রাম বকসিপুর গ্রামে বাড়ি বলে দাবি করেন। পূণরায় ওই ব্যাক্তি ভ্যান যোগে চুরিকৃত কলার কাঁদি নিয়ে যাবার সময় এলাকার আরো কয়েকজন কৃষক বাড়ি জানতে চাইলে সে হরিণাকুন্ডু থানার তৈলটুপি গ্রামে জানায়। এলাকাবাসীর সন্দেহ হয়, পরে তাকে নিয়ে আসে মাধবপুর মক্তব প্রাঙ্গণে। তাদের জিজ্ঞাসাবাদে সে বিভিন্ন জমি থেকে কলার কাঁদি গুলো চুরি করেছে বলে স্বীকার করে। পরে উত্তেজিত জনতা ওই ব্যক্তিকে গণপিটুনি দিয়ে পুলিশের নিকট তুলে দেয়।

আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক (এসআই) মারজাহান জানায়, মাধবপুর-

বকসিপুর মাঠে কলা চুরির অভিযোগে এক ব্যক্তিকে গণপিটুনি দিয়ে আটকে রাখে এলাকাবাসী । খবর পেয়ে ওই ব্যক্তিকে পুলিশের হেফাজতে নেওয়া হয়। চুরিকৃত ছোট-বড় ৩৪ টি কলার কাঁদি উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় চুরির মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গা-১ আসনে আফরোজ পারভিনের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা সদর উপজেলার নবগঠিত মাখালডাঙ্গা ইউনিয়ন ও মোমিনপুর ইউনিয়নের সরিষাডাঙ্গায় যুব মহিলা লীগের উঠান বৈঠক ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজ পারভিন এর নেতৃত্ব মাখালডাঙ্গা ইউনিয়নের রুমা খাতুন ও মোমিনপুর ইউনিয়নের যুব মহিলা লীগের সভাপতি ও ইউপি সদস্য লতা খাতুনের আয়োজনে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

এ সময় উঠান বৈঠক ও গণসংযোগ করে যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভিন বলেন চুয়াডাঙ্গা-১ আসনে মোট সাড়ে পাঁচ লক্ষ ভোটার এর ভিতরে নারী ভোটার প্রায় তিন লক্ষ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিদর্শনায় ও চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের নেতৃত্ব আমরা সকল নারীকে ঘরের বাইরে এনে নারী জাগরণ করার চেষ্টা চালিয়ে যাচ্ছি। এ সময় তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরেন ও লিফলেট বিতরণ করেন এবং আগামী দ্বাদশ সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা সরকার ও নৌকা মার্কার পক্ষে ভোট চান।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সহ-সভাপতি- পূর্ণিমা হালদার,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা

খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, আওয়ামী লীগ কর্মী ছাত্রলীগ ও যুবলীগ সহ ও চুয়াডাঙ্গা সদর উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গায় গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরষ্কার বিতরণ

চুয়াডাঙ্গায় ৫০তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা স্কুল মাদরাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে জেলা শিক্ষা অফিস চুয়াডাঙ্গার আয়োজনে চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে আজ শনিবার বিকাল সাড়ে চারটার সময় জেলা পর্যায়ে ৫০তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ০৩(তিন) দিনব্যাপি ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. জনাব কিসিঞ্জার চাকমা। এ সময় তিনি বলেন, খেলাধুলা শরীর মন সুস্থ রাখে। সেই সাথে মাদক থেকে দূরে থাকতে ক্রীড়া বিশেষ ভাবে ভূমিকা রাখে। পড়ালেখার পাশাপাশি আমাদের যে সকল যুবসমাজ আছে তাদের সকলের খেলাধুলা ও ক্রীড়া চর্চা করতে হবে।এ সময় তিনি অভিভাবকদের বিশেষ দৃষ্টি দিয়ে বলেন, আগামী প্রজন্মকে সঠিক ভাবে গঠন করে তুলতে হলে আপনাদের সন্তানদের সঠিক ভাবে দিকনির্দেশনা দিতে হবে সেইসাথে খেলাধুলা চর্চার উপর জোর দিতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) শারমিন আক্তার, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার ও সম্পাদক জেলা স্কুল মাদরাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি মোঃ আতাউর রহমান সহ ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহনকারী খেলোয়ার, কোচ, কলাকুশলী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক-শিক্ষিকা মন্ডলী, সাংবাদিকবৃন্দ, সামাজিক ও রাজনৈতিক ব্যক্তিবর্গ।